

# ভারতের প্রধানমন্ত্রী ব্রিটেনের প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলেছেন

মার্চ 12, 2024

প্রধানমন্ত্রী শ্রীনরেন্দ্র মোদী আজ ব্রিটেনের প্রধানমন্ত্রী ঋষি সুনক-এর সঙ্গে টেলিফোনে কথা বলেছেন।

উভয়েই দ্বিপাক্ষিক বহুধাবিস্তৃত কৌশলগত অংশীদারিত্ব জোরদার করার জন্য তাঁদের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছেন। তাঁরা রোডম্যাপ 2030-এ অন্তর্ভুক্ত বিভিন্ন ক্ষেত্রগুলি যেমন বাণিজ্য, বিনিয়োগ, প্রতিরক্ষা, নিরাপত্তা, উদীয়মান প্রযুক্তিসহ অন্যান্য বিষয়েও অগ্রগতির প্রসঙ্গে সন্তোষ প্রকাশ করেছেন।

তাঁরা একটি পারস্পরিক উপকারি এবং অগ্রগতিমূলক মুক্ত বাণিজ্য চুক্তির প্রাথমিক সমাপ্তির দিকে ইতিবাচক মূল্যায়ন করেছেন।

দুই নেতা পারস্পরিক স্বার্থের আঞ্চলিক ও বৈশ্বিক উন্নয়ন নিয়েও মতামত বিনিময় করেন।

উভয় নেতা পারস্পরিক যোগাযোগে থাকতে সম্মত হন এবং আসন্ন হোলির উৎসব উপলক্ষে শুভেচ্ছা বিনিময় করেন।

নতুন দিল্লি

মার্চ 12, 2024